দৈনিক ইত্তেফাক

তারিখ ... 20 OCT 1992 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# ধামুরা হাই স্কুল সরকারীকরণের সিদ্ধান্ত

বরিশাল অফিস ॥ সরকার উজিরপুর থানার ধামুরা হাইস্কুলকে সরকারীকরণের সিদ্ধান্ত লইয়াছেন। প্রধানমন্ত্রীর সচিবালয় হইতে এই সিদ্ধান্ত শিক্ষা সচিবকে জানাইয়া দেওয়া হইয়াছে। ধামুরা হাইস্কুলের কৃতী ছাত্র আনোয়ার হোসেন তাঁহার প্রধান শিক্ষকসহ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সহিত সম্প্রতি সাক্ষাৎ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ধামুরা হাইস্কুল

( প্রথম পৃঃ পর )

করার পর প্রধানমন্ত্রী ঐতিহ্যবাহী ঐ বিদ্যালয়কে সরকারীকরণের আশ্বাস দেন। আনোয়ার এই বছর যশোর বোর্ডের এস,এস-সি পরীক্ষায় মানবিক বিভাগে ১ম স্থান দখল করে। আনোয়ারের করুণ জীবন-বৃত্তান্ত, অধ্যবসায় ও মেধার কথা শুনিয়া প্রধানমন্ত্রী তাঁহাকে তাঁহার সুগন্ধা অফিসে সাক্ষাতের আমন্ত্রণ জানাইবার পর তাহারা সাক্ষাৎ করেন। উজিরপুরের একটি পল্লী অঞ্চলে ১৯৩৬ সনে শিক্ষাবিদ আশরাফ আহম্মদের প্রচেষ্টায় এই স্কুলটি প্রতিষ্ঠিত হয়। এই স্কুলের সুনাম এই অঞ্চলে দীর্ঘদিনের। ১৯৬৪, ১৯৬৯, ১৯৭৪, ১৯৭৫ ও ১৯৮৩ সনে এই স্কুলের ছাত্ররা বোর্ডে মানবিক বিভাগে প্রথম স্থান দখল করে। অন্যান্য স্থান দখলের রেকর্ডও রহিয়াছে প্রচুর। ১৯৭১ সনে এই স্কুল হইতে প্রায় ৯৯ ভাগ, ১৯৭৯ সনে ৯৮ ভাগ, ১৯৬৫ ও ১৯৬৯ সনে ৯৬ ভাগ, ১৯৭৭ সনে ৯৫ ভাগ, ১৯৭২ সনে ৯৪ ভাগ, ১৯৮২ ও ১৯৯২ সনে ৯৩ ভাগ পরীক্ষার্থী পাস করে। এই স্কুলের কৃতী ছাত্র-ছাত্রীরা এখন বিভিন্ন অঙ্গনে প্রতিষ্ঠিত। তাহাদের মধ্যে রহিয়াছেন বিবিসি'র ডঃ গোলাম মুর্শিদ, এডিবি'র (ম্যানিলাস্থ) সিনিয়র অর্থ উপদেষ্টা ডঃ গোলাম কিবরিয়া, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডঃ শিশির কুমার ভট্টাচার্য, ডঃ সুশান্ত ভট্টাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডঃ শামসুন নাহার আহমেদ, ডাঃ ফিরোজা বেগম, উপ-সচিব আদম আলী হাওলাদার। ছাত্রনেতা অভিও ঐ স্কুলের কৃতী ছাত্রদের মধ্যে একজন।

41